

📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৭৩০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ أَتَى الْمَسْجِدَ لِشَيْءٍ فَهُوَ حَظُّهُ». رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৭৩০-[৪২] উক্ত রাবী [আবু হুরায়রাহ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি মসজিদে যে কাজের নিয়্যাত করে আসবে, সে সেই কাজেরই অংশ পাবে। (আবু দাউদ)[১]

ফুটনোট

[১] সহীহ : আবু দাউদ ৪৭২, সহীহ আল জামি' ৫৯৩৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা অনুযায়ী যে ব্যক্তি পরকালীন বা পার্থিব কোন কাজ সম্পাদনের উদ্দেশ্যে মসজিদে আসে সে কাজই তার প্রাপ্য হবে। যেমন সুপ্রসিদ্ধ কিতাব সহীহুল বুখারীতে রয়েছে, প্রত্যেকের জন্য তাই প্রতিদান রয়েছে যা সে নিয়্যাত করে। এ হাদীসে মসজিদে আসার উদ্দেশ্য বিশুদ্ধ করার বাপারে সতর্ক বার্তা রয়েছে। যাতে করে মসজিদে আসার উদ্দেশ্য তামাশা, বন্ধু ও সাথীদের সাথে সাক্ষাত ইত্যাদি পার্থিব কর্ম না হয়। 'ইবাদাত তথা সালাত (সালাত/নামায/নামাজ), ই'তিকাফ, শার'ঈ জ্ঞান আহরণ ও বিতরণ ইত্যাদিই হবে উদ্দেশ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55287>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন